# এইচএসসি উৎপাদন ব্যবস্থাপনা ও বিপণন ১ম পত্র

## বিষয়বস্তু: বহুনির্বাচনী প্রশ্ন

## # বহুনির্বাচনী প্রশ্ন

১. জনাব আকবর কারিগরি শিক্ষা প্রতিষ্ঠান থেকে প্রশিক্ষণ গ্রহণ করে মোটর পার্টস তৈরির কারখানা স্থাপন করেন। উৎপাদনের সাথে সাথে তিনি একটি সরকারি প্রতিষ্ঠান থেকে মান সনদ সংগ্রহ করেন এবং মোটর পার্টস বাজারে বিক্রয় শুরু করেন।
পণ্যের মান সনদ ইস্যুকারী প্রতিষ্ঠান হচ্ছে-

- (ক) BCIC
- (খ) BTTB
- **(গ) BSTI**
- (ঘ) BRTC

২. জনাব আকবরের মান সনদ সংগ্রহের কারণ-
i. পণ্য বাজারজাতকরণের অনুমতি পাওয়া
ii. পণ্যের মান সম্পর্কে নিশ্চয়তা দান
iii. কর অবকাশে সুবিধা লাভ
নিচের কোনটি সঠিক?

- **(ক) i ও ii**
- (খ) i ও iii
- (গ) ii ও iii
- (ঘ) i ii ও iii

৩. কোনটির যোগান সীমাবদ্ধ?

- (ক) মূলধন
- (খ) শ্রম
- **(গ) ভূমি**
- (ঘ) সংগঠন

৪. শ্রম বিভাজন ধারণা প্রবর্তন করেন কে?

- (ক) হেনরি ফেওল
- (খ) এফ ডব্লিউ টেইলর
- (গ) সক্রেটিস
- **(ঘ) এডাম স্মিথ**

৫. শ্রমবিভাগের ফলে-
i. অপচয় বাড়ে
ii. শ্রমিকের দক্ষতা বাড়ে
iii. উৎপাদনশীলতা বাড়ে
নিচের কোনটি সঠিক?

- (ক) i ও ii
- (খ) i ও iii
- **(গ) ii ও iii**
- (ঘ) i ii ও iii

৬. জনাব মজনু ও তার বন্ধুরা মিলে মংলা EPZ এ একুমুলেশন লিমিটেড নামে একটি গাড়ি সংযোজন কারখানা স্থাপন করেন। ওই কারখানায় তারা ৫০০ জন দক্ষ কর্মী নিয়োগ দেন। ফলে গাড়ির উৎপাদন বাড়ে এবং ভোক্তারা সাশ্রয়ী দামে গাড়ি কিনতে পেরে খুব খুশি। উল্লেখিত উদ্দীপকে উৎপাদনের কোন উপকরণের কথা বলা হয়েছে?

- (ক) ভূমি
- **(খ) শ্রম**
- (গ) মূলধন
- (ঘ) সংগঠন

৭. একুমুলেশন লিমিটেড এর মাধ্যমে যে সুবিধা পাওয়া যায় তা হলো।
i. সরকারের রাজস্ব বাড়ে
ii. জীবন যাত্রার মান উন্নয়ন হয়
iii. রপ্তানি বাড়ে
নিচের কোনটি সঠিক?

- (ক) i ও ii
- (খ) i ও iii
- (গ) ii ও iii
- **(ঘ) i ii ও iii**

৮. উৎপাদনশীলতার চ্যালেঞ্জ হলো-
i. চাহিদা বাড়ানো
ii. অদক্ষ কর্মী
iii. নিম্ন মনোবল
নিচের কোনটি সঠিক?

- (ক) i ও ii
- (খ) i ও iii
- **(গ) ii ও iii**
- (ঘ) i ii ও iii

৯. জনাব আতিক প্রথমদিকে নিজেই বাঁশ ও বেত দিয়ে আসবাবপত্র তৈরি করে বাজারে বিক্রি করতেন। বর্তমানে কয়েকজন কর্মী নিয়োগ দিয়ে কে কোন কাজ করবে, তা নির্দিষ্ট করে দিয়ে উৎপাদন কাজ পরিচালনা করেন। বর্তমানে জনাব আতিকের কাজটি ব্যবস্থাপনার কোন কাজের অন্তর্ভুক্ত?

- (ক) মানব সম্পদ
- **(খ) উৎপাদন**
- (গ) বিপণন
- (ঘ) ক্রয়

স্যাট একাডেমি

১০. জনাব আতিকের এরূপ সিদ্ধান্তের ফলে প্রতিষ্ঠানের দক্ষতা বাড়বে এর কারণ কি?

ক কাজ নির্দিষ্টকরণ
খ মজুদ নিয়ন্ত্রণ
গ দ্রব্যের নকশাকরণ
ঘ বিক্রয়ের দায়িত্ব নিজেই নেয়া

১১. নান্দনিক ডিজাইনে গুরুত্ব দেয়া হয়-

ক পণ্যের মানকে
খ উৎপাদন ব্যয়কে
গ আকর্ষণীয়তাকে
ঘ বাহ্যিক সৌন্দর্যকে

১২. পণ্যকে ক্ষয়ক্ষতির হাত থেকে রক্ষা করতে যে ডিজাইন করা হয় তাকে কি বলে?

ক কার্যকর ডিজাইন
খ নান্দনিক ডিজাইন
গ উৎপাদন ডিজাইন
ঘ প্যাকিং ডিজাইন

১৩. পণ্য ডিজাইনের প্রাথমিক পর্যায় কোনটি?

ক উদ্যোগ নেয়া
খ সিদ্ধান্ত নেয়া
গ ধারণা উন্নয়ন
ঘ প্রয়োজন অনুভব

১৪. জনাব সুজন বরিশালের আমড়া জুস তৈরি করার উদ্দেশ্যে বিভিন্ন উৎস থেকে তথ্য সংগ্রহ করে তা বিশ্লেষণের মাধ্যমে পরবর্তীতে টেট্রা প্যাকে ও ফুড গ্রেড প্লাস্টিক কন্টেইনারে জুস বিক্রয় করার সিদ্ধান্ত নিয়েছেন।
জনাব সুজনের ব্যবসায়িক কার্যক্রম পণ্য ডিজাইনের কোন পর্যায়ের অন্তর্ভুক্ত?

ক সামর্থ্য বিশ্লেষণ
খ পরীক্ষামূলক বিশ্লেষণ
গ ধারণা উন্নয়ন
ঘ চূড়ান্ত উৎপাদন

১৫. উদ্দীপকে উল্লেখিত জনাব সুজন কর্তৃক নেওয়া পণ্য ডিজাইনের সুবিধা হলো-
i. বাহ্যিক সৌন্দর্য
ii. ব্যবহারের সুবিধা
iii. প্রসারমূলক উন্নয়ন
নিচের কোনটি সঠিক?

ক i ও ii
খ i ও iii
গ ii ও iii
ঘ i ii ও iii

১৬. নিচের কোনটি প্রতিরোধ ব্যয়-

ক পরিদর্শন
খ প্রশিক্ষণ
গ পরীক্ষণ
ঘ ওয়ারেন্টি

১৭. মান ব্যবস্থাপনার জনক কে?

ক W. Edward Deming
খ Lee J. Krajewski
গ Lary P. Ritzman
ঘ Kenneth Rose

১৮. SO 9003 কিসের উপর গুরুত্ব দেয়?

ক উৎপাদিত পণ্যের ডিজাইনের উপর
খ পরিবেশ সংক্রান্ত বিষয়ের উপর
গ উৎপাদিত পণ্যের মাসের উপর
ঘ উৎপাদন প্রক্রিয়ার উপর

১৯. উৎপাদন ও উপকরণ এর অনুপাতকে কি বলে?

ক উৎপাদনশীলতা
খ উৎপাদন মাত্রা
গ উৎপাদন ক্ষমতা
ঘ উৎপাদন দক্ষতা

২০. উৎপাদন অর্থ কি?

ক প্রয়োগ করা
খ উপযোগ সৃষ্টি করা
গ কাজ করা
ঘ চালনা করা

২১. মিসেস শেলী ঢাকার ধানমন্ডিতে 'হোমলী' নামে একটি ডে কেয়ার সেন্টার স্থাপন করেন। এ সেন্টারে সকাল ৮টা থেকে বিকাল ৪টা পর্যন্ত কর্মজীবী মায়েদের শিশুদের পরিচর্যা করা হয়। এতে অনেক কর্মজীবী মায়েরা তাদের কার্যক্রম পরিচালনা করতে পারে।
উদ্দীপকে উল্লিখিত প্রতিষ্ঠানের মাধ্যমে কোন ধরনের উপযোগ সৃষ্টি হয়?

ক স্থানগত
খ রূপগত
গ সেবাগত
ঘ সময়গত

২২. উৎপাদনশীলতা নয় কোনটি?

ক মোট উৎপাদন/মোট উপকরণ
খ মোট উৎপাদন /মোট শ্রমঘণ্টা
গ মোট যন্ত্রসময়/মোট উৎপাদন
ঘ মোট উৎপাদন/মোট মূলধন

২৩. আসিফ দৈনিক ১২,০০০ একক উৎপাদন ক্ষমতাসম্পন্ন মেশিন দিয়ে ১৮০০০ টাকার উপকরণ ব্যবহার করে ৮০,০০০ টাকার পণ্য উৎপাদন করেন। অন্যদিকে রিপন একই মেশিন দিয়ে একই মূল্যের উপকরণ ব্যবহার করে ১,০৮,০০০ টাকার পণ্য উৎপাদন করেন। উভয় ক্ষেত্রে উৎপাদন ও পরিচালনা ব্যয় একই হওয়া সত্ত্বেও আসিফ প্রতিযোগিতায় টিকে থাকতে পারছে না।
রিপনের উৎপাদনশীলতা কত টাকা?

ক ৪
খ ৬
গ ১০
ঘ ১২

সাট একাডেমি

২৪. আসিফ প্রতিযোগিতায় টিকে থাকতে হলে যা করণীয় তা হলো-

i. অতিরিক্ত মূলধন বিনিয়োগ
ii. শ্রমিকদের দক্ষতা বাড়ানো
iii. কার্য পরিবেশ উন্নয়ন
নিচের কোনটি সঠিক?

- (ক) i ও ii
- (খ) i ও iii
- **(গ) ii ও iii**
- (ঘ) i ii ও iii

২৫. কোনটিকে পরিবেশ ব্যবস্থাপনা পদ্ধতি বলা হয়?

- (ক) ISO 9000
- (খ) ISO 9002
- (গ) ISO 9003
- **(ঘ) ISO 14000**

২৬. PERT এর পূর্ণরূপ কি?

- **(ক) Program Evaluation and Review Technique**
- (খ) Program Evaluation Review Technology
- (গ) Program Erase and Review Technique
- (ঘ) Program Examine and Review Technique

২৭. দ্রব্য ও সেবার মধ্যে সাদৃশ্য কিসে?

- (ক) দৃশ্যমানতায়
- (খ) সংরক্ষণযোগ্যতায়
- (গ) বণ্টন প্রণালির দৈর্ঘ্য
- **(ঘ) উপযোগিতায়**

২৮. সর্বপ্রথম শিল্প বিপ্লব কোথায় সংঘটিত হয়েছিল?

- **(ক) ইংল্যান্ড**
- (খ) ফ্রান্স
- (গ) ইতালি
- (ঘ) জার্মানি

২৯. উৎপাদনের উৎপাদিত উপাদানকে কী বলে?

- (ক) ভূমি
- (খ) শ্রম
- **(গ) মূলধন**
- (ঘ) সংগঠন

৩০. BTCL কোন ধরণের সংগঠন?

- (ক) একমালিকানা
- **(খ) রাষ্ট্রীয়**
- (গ) ব্যবসায় জোট
- (ঘ) যৌথ উদ্যোগ

৩১. শ্রম বিভাগের ফলে-

i. অপচয় বৃদ্ধি পায়
ii. শ্রমিকের দক্ষতা বৃদ্ধি পায়
iii. উৎপাদনশীলতা বৃদ্ধি পায়
নিচের কোনটি সঠিক?

- (ক) i ও ii
- **(খ) ii ও iii**
- (গ) i ও iii
- (ঘ) i ii ও iii

৩২. ভূমির যোগান নিচের কোনটির ওপর নির্ভরশীল?

- (ক) রাষ্ট্র
- (খ) অর্থনৈতিক অবস্থা
- (গ) সরবরাহকারী
- **(ঘ) প্রকৃতি**

৩৩. মূলধন গঠনের আর্থিক স্তর হলো-

i. সঞ্চয় সৃষ্টি
ii. সঞ্চয় সংগ্রহ ও ঋণদান
iii. সঞ্চয়কে মূলধনে রূপান্তর
নিচের কোনটি সঠিক?

- (ক) i ও ii
- (খ) i ও iii
- (গ) ii ও iii
- **(ঘ) i ii ও iii**

৩৪. ISO-এর সদর দপ্তর কোথায়?

- (ক) লন্ডন
- (খ) নিউইয়র্ক
- (গ) প্রবাসীদের অর্থ
- (ঘ) বার্লিন

৩৫. পণ্য ডিজাইনের কয়টি স্তর বিদ্যমান?

- **(ক) ৫**
- (খ) ৪
- (গ) ৩
- (ঘ) ২

৩৬. পণ্য ডিজাইন কত প্রকার হয়?

- **(ক) ৪**
- (খ) ৫
- (গ) ৬
- (ঘ) ৭

৩৭. উৎপাদন ব্যবস্থাপনার কাজ কোনটি?

- (ক) পণ্যের বাজারজাতকরণ
- (খ) শ্রমিক নিয়োগ
- **(গ) পণ্যের নকশাকরণ**
- (ঘ) পণ্যের বণ্টন

৩৮. মানসম্মত পণ্যে বেশি খুশি হন কে?

- (ক) উৎপাদনকারী
- (খ) বিক্রেতা
- **(গ) ক্রেতা**
- (ঘ) বণ্টনকারী

৩৯. বিএসটিআই কী ধরনের প্রতিষ্ঠান?

- (ক) অব্যবসায়িক
- **(খ) মান নিয়ন্ত্রণকারী**
- (গ) ব্যবসায়িক
- (ঘ) আন্তর্জাতিক

৪০. বিএসটিআই কত সালে প্রতিষ্ঠিত হয়?

- **(ক) ১৯৮৫**
- (খ) ১৯৮৯
- (গ) ১৯৯৪
- (ঘ) ১৯৩২

৪১. উৎপাদনের মাধ্যমে কী সৃষ্টি হয়?

- **(ক) উপযোগ**
- (খ) মালিকানা
- (গ) চাহিদা
- (ঘ) প্রয়োজন

৪২. উৎপাদনের কোন উপাদানের যোগান দাম নেই?

- (ক) মূলধন
- (খ) শ্রম
- (গ) সংগঠন
- **(ঘ) ভূমি**

স্যাট একাডেমি

৪৩. উৎপাদনের আওতাভুক্ত হলো-
i. শিল্পখাত
ii. শিক্ষাখাত
iii. সেবাখাত
নিচের কোনটি সঠিক?

- ক) i ও ii
- খ) i ও iii
- **গ) ii ও iii**
- ঘ) i ii ও iii

৪৪. মানুষের দৈনিন্দিন জীবনের সকল অর্থনৈতিক কার্যক্রম কোনটির ওপর নির্ভরশীল?

- ক) ভোক্তা
- **খ) উৎপাদন**
- গ) সম্পদ
- ঘ) দায়

৪৫. উৎপাদন ও উৎপাদনের উপকরণের অনুপাতকে কী বলে?

- ক) উৎপাদন ব্যবস্থাপনা
- **খ) উৎপাদনশীলতা**
- গ) উৎপাদন ক্ষমতা
- ঘ) উৎপাদন মাত্রা

৪৬. ম্যাগজিন, খেলনা ইত্যাদি কোন ধরনের পণ্য?

- ক) জরুরি
- খ) শপিং
- গ) সুবিধা পণ্য
- **ঘ) লোভনীয় পণ্য**

৪৭. নিচের কোনটিকে পরিবেশ ব্যবস্থাপনার পদ্ধতি বলা হয়?

- ক) আইএসও-৯০০০
- খ) আইএসও-৯০০২
- গ) আইএসও-৯০০৩
- **ঘ) আইএসও-১৪০০০**

৪৮. নিচের কোনটি বৃহদায়তন এন্টারপ্রাইজের বৈশিষ্ট্য?

- ক) স্বল্পসংখ্যক কর্মী
- **খ) বিস্তৃত বাজার**
- গ) গোপনীয়তা রক্ষা
- ঘ) দ্রুত সিদ্ধান্ত

৪৯. কোন ধরনের এন্টারপ্রাইজে অধিক ঝুঁকি বিদ্যমান?

- ক) অতি ক্ষুদ্র
- খ) ক্ষুদ্র
- গ) মাঝারি
- **ঘ) বৃহদায়তন**

৫০. উৎপাদন ব্যবস্থাপনার বর্তমান নাম কী?

- ক) মান ব্যবস্থাপনা
- খ) কর্মী ব্যবস্থাপনা
- **গ) কার্য ব্যবস্থাপনা**
- ঘ) পণ্য ব্যবস্থাপনা

৫১. উৎপাদনের গতিশীল উপাদান কোনটি?

- ক) ভূমি
- **খ) শ্রম**
- গ) মূলধন
- ঘ) সংগঠন

৫২. নিচের কোনটি ভূমির বৈশিষ্ট্য?

- ক) অস্থায়ী
- খ) গতিশীল
- গ) স্থানান্তরযোগ্য
- **ঘ) যোগান সীমাবদ্ধ**

৫৩. উৎপাদন ব্যবস্থাপনার কাজ কোনটি?

- ক) দক্ষতা বৃদ্ধি
- খ) কর্মী নিয়োগ
- **গ) মজুদ নিয়ন্ত্রণ**
- ঘ) কর্মী মূল্যায়ন

৫৪. বিএসটিআই (BSTI) কত সালে আইসিও (ISO) সদস্য পদ লাভ করে কত সালে?

- ক) ১৯৬৪
- **খ) ১৯৭৪**
- গ) ১৯৮৪
- ঘ) ১৯৯৪

৫৫. ISO-১৪০০০ পরিবেশের কয়টি দিক নিয়ে আলোচনা করে?

- ক) ৩টি
- **খ) ৪টি**
- গ) ৫টি
- ঘ) ৬টি

৫৬. পণ্য ডিজাইন কত প্রকার?

- ক) ৩টি
- **খ) ৪টি**
- গ) ৫টি
- ঘ) ৬টি

৫৭. কোন ধরনের পণ্য ডিজাইন মিতব্যয়ীতার সহিত পণ্য তৈরি করতে সাহায্য করে?

- **ক) উৎপাদন ডিজাইন**
- খ) নান্দনিক ডিজাইন
- গ) ব্যবহারিক ডিজাইন
- ঘ) প্যাকেজিং ডিজাইন

৫৮. পণ্য ডিজাইনের প্রথম স্তর কোনটি?

- **ক) উদ্যোগ গ্রহণ**
- খ) পরীক্ষামূলক উৎপাদন
- গ) চূড়ান্ত উৎপাদন
- ঘ) ধারণা উন্নয়ন

৫৯. পণ্যের ডিজাইন কখন করা হয়?

- ক) বিক্রয়ের আগে
- **খ) উৎপাদনের আগে**
- গ) ক্রয়ের আগে
- ঘ) ব্যবহারের আগে

৬০. পণ্য ডিজাইনের সময় নিচের কোনটি বিবেচনা করা হয়?

- **ক) গ্রাহকের ক্রয়ক্ষমতা**
- খ) উদ্যোক্তার দক্ষতা
- গ) বিক্রয়কর্মীর দক্ষতা
- ঘ) উৎপাদনশীলতা

৬১. মূলধন গঠনের সূত্র কোনটি?

- **ক) মোট উৎপাদন-ভোগ**
- খ) মোট উৎপাদন-মূলধন
- গ) মোট উৎপাদন-চাহিদা
- ঘ) মোট উৎপাদন-উপযোগ

৬২. নিচের কোনটি ভূমির অন্তর্ভুক্ত?

- **ক) খনিজসম্পদ**
- খ) আসবাবপত্র
- গ) কাঁচামাল
- ঘ) দালানকোঠা

৬৩. ইনপুট (Input) শব্দের অর্থ কী?

- ক) উৎপাদিত পণ্য
- **খ) উৎপাদনের উপকরণ**
- গ) উৎপাদন প্রক্রিয়া
- ঘ) উৎপাদন বিন্যাস

৬৪. উৎপাদনের আওতাভুক্ত হলো-

i. কৃষি খাত
ii. শিক্ষা খাত
iii. শিল্প খাত

নিচের কোনটি সঠিক?

(ক) i ও ii
(খ) i ও iii
(গ) ii ও iii
(ঘ) i ii ও iii

৬৫. সর্বপ্রথম শিল্পবিপ্লব কোথায় সংঘটিত হয়েছিল?

(ক) ফ্রান্স
(খ) ইংল্যান্ড
(গ) ইতালি
(ঘ) জার্মানি

৬৬. "The Wealth of Nation" কত সালে রচিত হয়?

(ক) ১৭৫২
(খ) ১৭৫৭
(গ) ১৭৬২
(ঘ) ১৭৭৬

৬৭. উৎপাদন ব্যবস্থাপনার বর্তমান নাম কী?

(ক) মান ব্যবস্থাপনা
(খ) কর্মী ব্যবস্থাপনা
(গ) কার্য ব্যবস্থাপনা
(ঘ) পণ্য ব্যবস্থাপনা

৬৮. দ্রব্য ও সেবার মধ্যে সাদৃশ্য কিসে?

(ক) দৃশ্যমানতায়
(খ) সংরক্ষণ যোগ্যতায়
(গ) বণ্টন প্রণালির দৈর্ঘ্যে
(ঘ) উপযোগিতায়

৬৯. L.H.C Tippet নমুনায়ন তত্ত্বের উদ্ভাবন হয় কত সালে?

(ক) ১৯১৪
(খ) ১৯২৪
(গ) ১৯৩৪
(ঘ) ১৯৪৪

৭০. BSTI এর পূর্বের নাম কী ছিল?

(ক) Central Tresting Laboratories
(খ) Central Training Laboratories
(গ) Best Testing Institution
(ঘ) Bangladesh Testing Corporation

৭১. ওয়ারেন্টি ব্যয় কখন বিবেচিত হয়?

(ক) পণ্য উৎপাদনের পর
(খ) পণ্য ডিজাইন করার সময়
(গ) পণ্য উৎপাদনের পূর্বে
(ঘ) পণ্য বিক্রয়ের পর

৭২. উৎপাদনের খাত কয়টি?

(ক) ২টি
(খ) ৩টি
(গ) ৪টি
(ঘ) ৫টি

৭৩. কোনটি উৎপাদনের অন্তর্ভুক্ত?

(ক) কৃষি
(খ) অর্থায়ন
(গ) বণ্টন
(ঘ) প্রসার

৭৪. উৎপাদনের উপকরণ হলো-

i. জমি
ii. শ্রম
iii. সংগঠন

নিচের কোনটি সঠিক?

(ক) i ও ii
(খ) i ও iii
(গ) ii ও iii
(ঘ) i ii ও iii

৭৫. পণ্যের মান নির্ধারণে আন্তর্জাতিক সংস্থাটির নাম কী?

(ক) ISO
(খ) ILO
(গ) TCB
(ঘ) BSTI

৭৬. BSTI-এর পূর্ণরূপ কোনটি?

(ক) Bangladesh Standing and Testing Institution
(খ) Bangladesh Standards and Testing Institution
(গ) Bangladesh Standing of Testing Institution
(ঘ) Bangladesh Testing Standing Institution

৭৭. প্রতিরোধমূলক ব্যয়ের মাধ্যমে প্রতিষ্ঠানের কোন ব্যয় হ্রাস পায়?

(ক) বণ্টন ব্যয়
(খ) মজুদ ব্যয়
(গ) উৎপাদন ব্যয়
(ঘ) বাহ্যিক ব্যয়

৭৮. 'জুয়েল ফ্লাওয়ার' ব্র্যান্ডের টিভিটি কাঙ্ক্ষিতমানের না হওয়ার কারণে সংশ্লিষ্ট কোম্পানিটির ওয়ারেন্টি বাবদ ব্যয়ের পরিমাণ উত্তরোত্তর বেড়েই যাচ্ছে। এটি কোন ধরনের ব্যয়?

(ক) প্রতিরোধমূলক
(খ) মূল্যায়নমূলক
(গ) অভ্যন্তরীণ বিচ্যুতি
(ঘ) বাহ্যিক বিচ্যুতি

৭৯. "মিতব্যয়ী লট আকার" মডেল কে প্রদান করেন?

(ক) ওয়াল্টার শিউহার্ট
(খ) এফ ডব্লিউ টেলর
(গ) এফ. ডব্লিউ হ্যারিস
(ঘ) জেমস স্টুয়ার্ট

৮০. উৎপাদনশীলতার চ্যালেঞ্জ হলো-

i. চাহিদা বৃদ্ধি
ii. প্রযুক্তির অপ্রতুলতা
iii. মনোবল হ্রাস

নিচের কোনটি সঠিক?

(ক) i ও ii
(খ) i ও iii
(গ) ii ও iii
(ঘ) i ii ও iii

স্যাট একাডেমি

৮১. উৎপাদন ব্যবস্থাপনার কাজ হলো -
i. পণ্যের নকশাকরণ
ii. কার্য গবেষণা
iii. উৎপাদন নিয়ন্ত্রণ
নিচের কোনটি সঠিক?
ক i ও ii
খ i ও iii
গ ii ও iii
ঘ i ii ও iii

৮২. "বাহন" পরিবহবেনর শীতাতপ নিয়ন্ত্রিত বাস ঢাকা-কক্সবাজার রুটে যাত্রী পরিবহন করে আসছে। গতকাল উক্ত বাসে ৫টি টিকিট অবিক্রীত থাকায় কর্তৃপক্ষ ক্ষতির সম্মুখীন হয়।
উদ্দীপকে সেবার কোন বৈশিষ্ট্য ফুটে ওঠেছে?
ক অবিচ্ছেদ্যতা
খ নশ্বরতা
গ বৈশাদৃশ্যতা
ঘ অদৃশ্যমানতা

৮৩. কোন বৈশিষ্ট্যটি পণ্য ও সেবা উভয়ের মধ্যে বিদ্যমান?
ক অবিচ্ছন্নতা
খ সংরক্ষণযোগ্যতা
গ উপযোগিতা
ঘ হস্তান্তরযোগ্যতা

৮৪. কোন ডিজাইনের ক্ষেত্রে পণ্যের কার্যকারিতা বৃদ্ধি পায়?
ক উৎপাদন
খ ব্যবহারিক
গ নান্দনিক
ঘ প্যাকিং

৮৫. পণ্য ডিজাইনের দ্বিতীয় ধাপে করা হয়-
i. বাজার গবেষণা
ii. পণ্যের সম্ভাব্য চাহিদা নির্ধারণ
iii. অভ্যন্তরীণ সামর্থ্য পর্যালোচনা
নিচের কোনটি সঠিক?
ক i ও ii
খ i ও iii
গ ii ও iii
ঘ i ii ও iii

৮৬. পণ্য ডিজাইন প্রক্রিয়ার প্রাথমিক বিষয় কোনটি?
ক ধারণা উন্নয়ন
খ উদ্যোগ গ্রহণ
গ গবেষণা কার্যক্রম
ঘ পণ্য বিন্যাস

৮৭. নিচের কোনটি পণ্য ডিজাইনের অন্তর্ভুক্ত?
ক পণ্য বণ্টন
খ পণ্য সংরক্ষণ
গ পণ্য গবেষণা
ঘ পণ্য সারি

৮৮. "ইনপুট" শব্দের অর্থ কী?
ক উৎপাদনের উপকরণ
খ উৎপাদন প্রক্রিয়া
গ উৎপাদন বিন্যাস
ঘ উৎপাদিত পণ্য

৮৯. ব্যাপক অর্থে ভূমি বলতে বোঝায়-
ক পৃথিবীর উপরিভাগকে
খ মাটির সকল স্তরকে
গ প্রকৃতির সকল দানকে
ঘ উৎপাদনে নিয়োজিত জমিকে

৯০. কোনো পণ্য বা সেবার অভাব পূরণের ক্ষমতাকে কী বলে?
ক উৎপাদন
খ উপযোগ
গ চাহিদা
ঘ প্রয়োজন

৯১. উৎপাদনের গতিশীল উপাদান কোনটি?
ক ভূমি
খ শ্রম
গ মূলধন
ঘ সংগঠন

৯২. ক্রেতার প্রয়োজন অনুযায়ী পণ্য বা সেবাসামগ্রী তৈরি করে সরবরাহ করাকে কী বলে?
ক উৎপাদন
খ উৎপাদনশীলতা
গ কাস্টমাইজেশন
ঘ ব্যবস্থাপনা

৯৩. উৎপাদনের আওতাভুক্ত হলো-
i. শিল্প খাত
ii. শিক্ষা খাত
iii. সেবা খাত
নিচের কোনটি সঠিক?
ক i ও ii
খ i ও iii
গ ii ও iii
ঘ i ii ও iii

৯৪. ভূমির বৈশিষ্ট্য হলো-
i. প্রকৃতির দান
ii. আদিম ও অক্ষয়
iii. হস্তান্তরযোগ্য নয়
নিচের কোনটি সঠিক?
ক i ও ii
খ i ও iii
গ ii ও iii
ঘ i ii ও iii

৯৫. সেবার বৈশিষ্ট্য হলো -
i. অদৃশ্যমানতা
ii. পচনশীলতা
iii. সংরক্ষণশীলতা
নিচের কোনটি সঠিক?
ক i ও ii
খ i ও iii
গ ii ও iii
ঘ i ii ও iii

স্যাট একাডেমি

৯৬. আইসক্রিম কোন ধরনের পণ্য?

(ক) জরুরি  **(●খ) লোভনীয়**
(গ) সৌখিন  (ঘ) বিশিষ্ট

৯৭. যেসব পণ্য অন্য পণ্য উৎপাদনের কাজে ব্যবহৃত হয় তাকে কী পণ্য বলা হয়?

(ক) ভোগ্য পণ্য  (খ) বিশিষ্ট পণ্য
**(●গ) শিল্প পণ্য**  (ঘ) সহায়ক পণ্য

৯৮. এফ. ডব্লিউ. টেলর বৈজ্ঞানিক ব্যবস্থাপনার কতটি নীতির কথা বলেছেন?

(ক) ২টি  **(●খ) ৪টি**
(গ) ৬টি  (ঘ) ৮টি

৯৯. 'দ্যা ওয়েলথ অফ নেশন' নামক গ্রন্থটি কে রচনা করেন?

**(●ক) এডাম স্মিথ**  (খ) এফ. ডব্লিউ. টেলর
(গ) ডেভিড রিকার্ডো

১০০. সেবার বৈশিষ্ট্য হচ্ছে-
i. এটি অস্পর্শনীয়
ii. এটি পচনশীল
iii. এটির মালিকানা হস্তান্তর করা যায় না
নিচের কোনটি সঠিক?

(ক) i ও ii  (খ) i ও iii
(গ) ii ও iii  **(●ঘ) i ii ও iii**

১০১. ডক্টরস অ্যাসোসিয়েশন কোন ধরনের অব্যবসায়ী সেবাদানকারী প্রতিষ্ঠান?

(ক) সাংস্কৃতিক ও বিনোদন সেবা
(খ) আর্থিক প্রতিষ্ঠান
**(●গ) পেশাগত সংস্থা**
(ঘ) সামাজিক প্রতিষ্ঠান

১০২. কোনটি পণ্য ডিজাইনের বহির্ভূত?

(ক) পণ্য উন্নয়ন  (খ) পণ্য গবেষণা
**(●গ) পণ্য বণ্টন**  (ঘ) পণ্য প্যাকেজিং

১০৩. পণ্যের আকৃতি ও মান নির্দিষ্ট করার কাজকে কী বলে?

(ক) উৎপাদন পরিকল্পনা  (খ) মান ব্যবস্থাপনা
(গ) উৎপাদন নিয়ন্ত্রণ  **(●ঘ) পণ্য ডিজাইন**

১০৪. কোন ডিজাইনে পণ্যের আবরণকে আকর্ষণীয় করা হয়?

(ক) ক্রিয়াগত  (খ) উৎপাদন
**(●গ) প্যাকিং**  (ঘ) নান্দনিক

১০৫. পণ্য ডিজাইনের প্রাথমিক পর্যায় কোনটি?

**(●ক) উদ্যোগ গ্রহণ**  (খ) ধারণা উন্নয়ন
(গ) সামর্থ্য বিশ্লেষণ  (ঘ) পরীক্ষামূলক উৎপাদন

১০৬. কোন ডিজাইন প্রতিষ্ঠানের উৎপাদনশীলতা বৃদ্ধি করে?

(ক) ক্রিয়াগত  (খ) রুচিসম্মত
(গ) প্যাকিং  **(●ঘ) উৎপাদন**

১০৭. মোবাইল কোম্পানি তাদের নেটওয়ার্ককে 3G থেকে 4G-তে রূপান্তর করল। এখানে কোন ধরনের ডিজাইন প্রকাশ পেয়েছে?

**(●ক) ক্রিয়াগত**  (খ) নান্দনিক
(গ) প্যাকিং  (ঘ) উৎপাদন

১০৮. পণ্য ডিজাইনের উদ্দেশ্যগুলো হলো-
i. পণ্যের গুণগত মান পরিবর্তন করা
ii. পণ্যের আকার-আকৃতি পরিবর্তন করা
iii. উৎপাদন কলাকৌশলের পরিবর্তন করা
নিচের কোনটি সঠিক?

(ক) i ও ii  (খ) i ও iii
(গ) ii ও iii  **(●ঘ) i ii ও iii**

১০৯. ভোক্তাদের প্রত্যাশা অনুযায়ী পণ্যের মান নির্ধারণ, মান উন্নয়ন ও নিয়ন্ত্রণের সামগ্রিক কার্যাবলিকে কী বলা হয়?

(ক) পণ্য ব্যবস্থাপনা  **(●খ) মান ব্যবস্থাপনা**
(গ) মান কাঠামো  (ঘ) মান নির্ধারণ

১১০. নিম্নমানের পণ্য উৎপাদনের জন্য পরীক্ষা-নিরীক্ষার যে ব্যয় হয় তা কোন ধরনের ব্যয়ের অন্তর্ভুক্ত?

(ক) প্রতিরোধমূলক  **(●খ) মূল্যায়ন**
(গ) অভ্যন্তরীণ ব্যর্থতার ব্যয়  (ঘ) বাহ্যিক

১১১. নিম্নমানের পণ্য উৎপাদনজনিত খরচ কত প্রকার?

(ক) দুই  (খ) তিন
**(●গ) চার**  (ঘ) পাঁচ

১১২. উৎপাদনের সময় সংঘটিত ত্রুটি নির্ধারণে কোন ধরনের ব্যয় হয়?

(ক) প্রতিরোধমূলক  **(●খ) মূল্যায়ন**
(গ) অভ্যন্তরীণ বিচ্যুতি  (ঘ) বাহ্যিক বিচ্যুতি

১১৩. নিচের কোনটি মূল্যায়ন ব্যয়?

(ক) ওয়ারেন্টি  (খ) প্রশিক্ষণ
**(●গ) পরিদর্শন**  (ঘ) পুনঃকার্য

স্যাট একাডেমি

১১৪. উৎপাদনের কোন উপকরণ পচনশীল?

(ক) ভূমি ● (খ) শ্রম
(গ) মূলধন (ঘ) সংগঠন

১১৫. সমগ্র উৎপাদন প্রক্রিয়াকে কয়েকটি স্বতন্ত্র ভাগে ভাগ করে শ্রম বিভাগ করাকে কী বলে?

(ক) সরল শ্রম বিভাগ
● (খ) সম্পূর্ণ প্রক্রিয়াগত শ্রম বিভাগ
(গ) অসম্পূর্ণ প্রক্রিয়াগত শ্রম বিভাগ
(ঘ) আঞ্চলিক শ্রম বিভাগ

১১৬. কোন ধরনের পণ্যের জন্য সময়গত উপযোগ সৃষ্টির প্রয়োজন হয়?

(ক) শিল্পপণ্যের জন্য ● (খ) মৌসুমি পণ্যের জন্য
(গ) সেবা পণ্যের জন্য (ঘ) বিলাসবহুল পণ্যের জন্য

১১৭. উৎপাদনশীলতা বৃদ্ধির মাধ্যমে কোনটি হ্রাস পায়?

(ক) পরিচালন ব্যয় ● (খ) উৎপাদন খরচ
(গ) সুযোগ ব্যয় (ঘ) বিবিধ খরচ

১১৮. উৎপাদনশীলতা নির্ভর করে-

● (ক) যন্ত্রের কার্যক্ষমতার ওপর (খ) মজুদ পণ্যের ওপর
(গ) মান নিয়ন্ত্রণের ওপর (ঘ) ডিজাইনের ওপর

১১৯. একটি কারখানায় ৬০,০০০ টাকার পণ্য তৈরি করতে ৪,০০০ টাকার মালামাল ও ১০০০ ঘণ্টার যন্ত্রপাতিজনিত ব্যয় হয়েছে। প্রতিষ্ঠানটির মালামালের উৎপাদনশীলতা হবে-

(ক) ১২ ● (খ) ১৫
(গ) ১০ (ঘ) ৬০

১২০. আউটপুট শব্দের অর্থ কী?

● (ক) উৎপাদিত পণ্য (খ) উৎপাদনের উপকরণ
(গ) উৎপাদন প্রক্রিয়া (ঘ) উৎপাদন বিন্যাস

১২১. নিচের কোনটি উৎপাদনের মূলভিত্তি?

● (ক) ভূমি (খ) শ্রম
(গ) মূলধন (ঘ) সংগঠন

১২২. উৎপাদনের সর্বাপেক্ষা ধ্বংসশীল উপাদান কোনটি?

(ক) ভূমি ● (খ) শ্রম
(গ) মূলধন (ঘ) সংগঠন

**উদ্দীপকটি পড়ো এবং প্রশ্নের উত্তর দাও**

মি. ফারদিন ব্যাংকের সহায়তায় একটি সুতার কল স্থাপন করেন। তার ব্যবসায়টি বেশ লাভবান হওয়ায় তিনি তার বন্ধু মুন্নাকে সমঝোতার ভিত্তিতে ব্যবসায়ে সংযুক্ত করেন।

১২৩. মি. মুন্নাকে সংযুক্ত করার ফলে মি. ফারদিনের ব্যবসাটি কীরূপ ব্যবসায় হিসেবে পরিচিত হয়?

● (ক) অংশীদারি (খ) কোম্পানি
(গ) সমবায় (ঘ) যৌথ উদ্যোগ

১২৪. মি. ফারদিনের ব্যবসায়ে ব্যাংক সহায়তা উৎপাদনের কোন উপাদানের অন্তর্ভুক্ত?

(ক) শ্রম ● (খ) মূলধন
(গ) ভূমি (ঘ) সংগঠন

**উদ্দীপকটি পড়ো এবং প্রশ্নের উত্তর দাও**

জলিল একজন মৎস্যজীবী। সে নদী হতে মাছ সংগ্রহ করে শহরে সরবরাহ করে জীবিকা নির্বাহ করে। সে আরও দুইটি জাল সংগ্রহ করে মাছ সংগ্রহের জন্য কিছু লোক নিয়োগ করল। ফলে তার উপার্জনের পরিমাণ বৃদ্ধি পেল।

১২৫. জলিল মাছ সংগ্রহের মাধ্যমে কোন ধরনের উপযোগ সৃষ্টি করেছে?

(ক) সময়গত ● (খ) স্থানগত
(গ) রূপগত (ঘ) স্বত্বগত

১২৬. উদ্দীপকের দৃষ্টিকোণ থেকে জলিলের কার্যক্রমের ফলে-

(ক) বিনিয়োগ বৃদ্ধি পায় (খ) মানবকল্যাণ সাধন হয়
(গ) সম্পদের মূল্য বৃদ্ধি পায় ● (ঘ) কর্মসংস্থান সৃষ্টি হয়

**উদ্দীপকটি পড়ো এবং প্রশ্নের উত্তর দাও**

পরমা লি. ২০২০ সালে ৩ কোটি টাকার পণ্য উৎপাদন করে। যা ২০১৯ সালের উৎপাদনের প্রায় দ্বিগুণ। ২০২০ সালে প্রতিষ্ঠানটির মোট উপকরণ ব্যয় ৯৫ লক্ষ টাকা, বেতন ও মজুরি ৩০ লক্ষ টাকা এবং অন্যান্য ব্যয় ৭৫ লাখ টাকা।

১২৭. ২০২০ সালে পরমা লি.-এর উৎপাদনশীলতার পরিমাণ ছিল-

● (ক) ১.৫০ (খ) ১.৭৬
(গ) ২.৪০ (ঘ) ২.৮৬

সাট একাডেমি

১২৮. পরমা লি.-এর ২০২০ সালের উৎপাদনশীলতা প্রকাশ করে-

i. প্রতিষ্ঠানের অগ্রগতি
ii. তীব্র প্রতিযোগিতা
iii. ব্যবস্থাপনায় দক্ষতা

নিচের কোনটি সঠিক?

(ক) i ও ii (খ) i ও iii
**(গ) ii ও iii** (ঘ) i ii ও iii

**উদ্দীপকটি পড়ো এবং প্রশ্নের উত্তর দাও**

মি. নোবেল ডেনিম লি. এর একজন কর্মকর্তা তিনি কাঁচামাল সংগ্রহ থেকে শুরু করে পণ্য তৈরির সার্বিক কাজের সাথে জড়িত। গ্রাহকদের ফরমায়েশ অনুযায়ী তিনি পণ্যের আকার ও ডিজাইন নির্ধারণ করেন।

১২৯. মি. নোবেল কোন ধরনের ব্যবস্থায় দায়িত্বরত?

(ক) কর্মী (খ) বিপণন
**(গ) উৎপাদন** (ঘ) অর্থ

১৩০. গ্রাহকদের ফরমায়েশ অনুযায়ী পণ্য তৈরি কী নির্দেশ করে?

(ক) ক্রেতা সন্তুষ্টি **(খ) ক্রেতা উপযোগীকরণ**
(গ) ক্রেতা সন্তুষ্টিকরণ (ঘ) ভোক্তা বশীকরণ

**উদ্দীপকটি পড়ো এবং প্রশ্নের উত্তর দাও**

মি. মিলন স্থানীয় বাজার থেকে হলুদ, মরিচসহ মসলা জাতীয় পণ্য সংগ্রহ করে প্রক্রিয়াজাত করেন। তারপর বিভিন্ন ধরনের ক্রেতাদের চাহিদা বিবেচনা করে প্যাকেট ও বাজারজাত করেন। বর্তমানে তার প্রতিষ্ঠানে ১০ জন শ্রমিক নিয়োজিত।

১৩১. উদ্দীপকে উল্লিখিত কাজ কোন ধরনের ব্যবস্থাপনার অন্তর্ভুক্ত?

(ক) কর্মী (খ) ক্রয়
(গ) বিপণন **(ঘ) উৎপাদন**

১৩২. উদ্দীপকের কর্মকাণ্ডের ফলে-

i. কর্মসংস্থান বৃদ্ধি হয়
ii. প্রাকৃতিক সম্পদের সদ্ব্যবহার হয়
iii. উৎপাদনশীলতা বৃদ্ধি পায়

নিচের কোনটি সঠিক?

**(ক) i ও ii** (খ) i ও iii
(গ) ii ও iii (ঘ) i ii ও iii

**উদ্দীপকটি পড়ো এবং প্রশ্নের উত্তর দাও**

মি. হাসান তার চার বন্ধুর সহায়তায় স্বল্প পুঁজি নিয়ে মুরগির ফার্ম শুরু করেন। তিনি তার উৎপাদিত মুরগি স্থানীয় ভোক্তাদের নিকট বিক্রয় করেন। মাস শেষে বিক্রয়লব্ধ টাকা থেকে তার চার বন্ধুকে ৫,০০০ টাকা করে বেতন প্রদান করেও তিনি এই ব্যবসায় থেকে যথেষ্ট লাভবান হচ্ছেন।

১৩৩. উদ্দীপকে ব্যবসায়টি কোন ধরনের সংগঠন?

**(ক) একমালিকানা** (খ) যৌথ উদ্যোগ
(গ) অংশীদারি (ঘ) যৌথ ব্যবসায়

১৩৪. মি. হাসান তার ব্যবসায় থেকে যে সুবিধা ভোগ করেন তা হলো-

i. সহজ পরিচালনা
ii. মধ্যস্থকারবারি পরিহার
iii. দ্রুত সিদ্ধান্ত গ্রহণ

নিচের কোনটি সঠিক?

(ক) i ও ii (খ) i ও iii
(গ) ii ও iii **(ঘ) i ii ও iii**

**উদ্দীপকটি পড়ো এবং প্রশ্নের উত্তর দাও**

সুমন গ্রামে গ্রামে ঘুরে গরুর দুধ সংগ্রহ করেন। সংগৃহীত দুধ প্রক্রিয়াজাত কেের খাঁটি "ঘি" তৈরি করে বিভিন্ন স্থানে "ঘি" বিক্রি করে তার উপার্জন বাড়ায়।

১৩৫. সুমনের "ঘি" তৈরিতে নিচের কোন প্রক্রিয়াটি ব্যবহৃত হয়েছে?

(ক) বিপণন (খ) অর্থায়ন
**(গ) উৎপাদন** (ঘ) বণ্টন

১৩৬. সুমনের কাজের ফলে-

i. জীবনযাত্রার মানোন্নয়ন হয়
ii. মানবকল্যাণ হয়
iii. নিয়মিত পণ্য ভোগ

নিচের কোনটি সঠিক?

(ক) i ও ii (খ) i ও iii
(গ) ii ও iii **(ঘ) i ii ও iii**

**উদ্দীপকটি পড়ো এবং প্রশ্নের উত্তর দাও**

ভিশন লি. বিভিন্ন ধরনের মোবাইল উৎপাদন ও বাজারজাতকরণ করে। এটি ক্রেতাদের পাঁচ বছরের ওয়ারেন্টি দিয়ে থাকে। সম্প্রতি প্রতিষ্ঠানটি আইওসি (ISO-9000) সনদ লাভ করেছে।

**১৩৭.** ভিশন লি. এর মোবাইল পাঁচ বছরের ওয়ারেন্টি কোন ধরণের ব্যয়?

(ক) প্রতিরোধ (খ) মূল্যায়ন
(গ) অভ্যন্তরীণ ব্যর্থতা **(ঘ) বাহ্যিক ব্যর্থতা**

**১৩৮.** ISO কত সালে গঠিত হয়?

(ক) ১৯৩৭ **(খ) ১৯৪৭**
(গ) ১৯৫০ (ঘ) ১৯৬০

**উদ্দীপকটি পড়ো এবং প্রশ্নের উত্তর দাও**

'ফেয়ার জুয়েলারি' ক্রেতাদের পছন্দ বিবেচনা করে হাতের স্পর্শ ছাড়া স্বয়ংক্রিয় যন্ত্রপাতি ব্যবহার করে পণ্য উৎপাদন করে থাকে। ফলে প্রতিষ্ঠানটির বিক্রি দিন দিন বৃদ্ধি পাচ্ছে।

**১৩৯.** উদ্দীপকে 'ফেয়ার জুয়েলারি' কোন ধরনের ডিজাইন অনুসরণ করে?

(ক) ক্রিয়াগত **(খ) উৎপাদন**
(গ) নান্দনিক (ঘ) প্যাকিং

**১৪০.** উদ্দীপকে উল্লিখিত ডিজাইনের সুবিধা হলো –

i. উৎপাদন ব্যয় হ্রাস
ii. উৎপাদনশীলতা হ্রাস
iii. অপচয় হ্রাস

নিচের কোনটি সঠিক?

(ক) i ও ii **(খ) i ও iii**
(গ) ii ও iii (ঘ) i ii ও iii

**উদ্দীপকটি পড়ো প্রশ্নের উত্তর দাও**

উত্তরবঙ্গের আবহাওয়া হলেও সেখানে প্রচুর পরিমাণে ভুট্টা চাষ হয়। এ বছর বৃষ্টিপাত কম হওয়ায় সেখানকার চাষীরা ভূ-গর্ভস্থ পানি উত্তোলন করে জমিতে সেচ দিয়ে ভুট্টার চাষ করছেন। এতে তাদের উৎপাদন খরচ বৃদ্ধি পেলেও উৎপাদন ভালো হয়েছে।

**১৪১.** উদ্দীপকে উল্লিখিত উত্তরবঙ্গের পরিস্থিতি উৎপাদনের কোন উপকরণের অন্তর্ভুক্ত?

**(ক) ভূমি** (খ) শ্রম
(গ) মূলধন (ঘ) সংগঠন

**১৪২.** এ বছর ভুট্টার উৎপাদনের পিছনে কোন উপকরণের ভূমিকা সর্বাধিক?

(ক) ভূমি (খ) শ্রম
**(গ) মূলধন** (ঘ) সংগঠন

**উদ্দীপকটি পড়ো প্রশ্নের উত্তর দাও**

মি. নির্জন কলেজের পাশে একটি ফটোস্ট্যাটের দোকান দেন। বর্তমানে চাহিদা থাকায় দোকানে কম্পিউটার স্থাপনের কথা ভাবছেন। এজন্য তার দুই বন্ধুর কাছে থেকে ধার নেওয়ার সিদ্ধান্ত নিলেন।

**১৪৩.** পণ্য ক্রয়-বিক্রয়ের মাধ্যমে কোন ধরনের উপযোগ সৃষ্টি হয়?

(ক) স্থানগত (খ) সময়গত
**(গ) স্বত্বগত** (ঘ) রূপগত

**১৪৪.** বর্তমানে মি. নির্জনের সংগঠনটির কোন ধরনের?

**(ক) একমালিকানা** (খ) অংশীদারি
(গ) যৌথমূলধনী (ঘ) যৌথ উদ্যোগ

**উদ্দীপকটি পড়ো প্রশ্নের উত্তর দাও**

জনাব ফাহিম কুমিল্লায় একটি কোল্ড স্টোরেজ স্থাপন করেন। এখানে আশপাশের আলুচাষী ও ব্যবসায়ীরা আলু রেখে পরবর্তী সময়ে চাহিদামতো বিক্রয় করে। এতে তারা আলুর উপযুক্ত মূল্য পায় ও লাভবান হয়। ভোক্তারা মানসম্মত আলু ক্রয় করতে পেরে খুশিতে।

**১৪৫.** জনাব ফাহিমের প্রতিষ্ঠানটি কার্যক্রমের মাধ্যমে যে সুবিধা পাওয়া যায় তা হলো-

(ক) রূপগত **(খ) সময়গত**
(গ) স্থানগত (ঘ) সেবাগত

**১৪৬.** উদ্দীপকে উল্লিখিত কার্যক্রমের মাধ্যমে যে সুবিধা পাওয়া যায় তা হলো-

i. উৎপাদন ব্যয় হ্রাস
ii. ভোক্তা সন্তুষ্টি বৃদ্ধি
iii. চাহিদা ও যোগানের সমন্বয়

নিচের কোনটি সঠিক?

(ক) i ও ii (খ) i ও iii
(গ) ii ও iii **(ঘ) i ii ও iii**

**উদ্দীপকটি পড়ো এবং প্রশ্নের উত্তর দাও**

মি. হক কারখানার জন্য প্রয়োজনীয় জনবল প্রাপ্তির বিষয়টি বিবেচনায় রেখে চট্টগ্রাম ইপিজেড এলাকায় একটি কারখানা স্থাপন করেন। তিনি কারখানায় নিয়োজিত কর্মীদের হাতে কলমে কাজ শিখিয়ে দেন, যা তাকে ব্যবসায়িকভাবে এগিয়ে যেতে সাহায্য করে।

**১৪৭.** মি. হক উৎপাদনের কোন উপাদানের ওপর সর্বাধিক গুরুত্ব দেন?

(ক) ভূমি **(খ) শ্রম**
(গ) মূলধন (ঘ) সংগঠন

স্যাট একাডেমি

১৪৮. মি. হকের ব্যবসায়িক সফলতার কারণ হলো-

i. দক্ষ শ্রমিক
ii. শ্রমিকের পর্যাপ্ততা
iii. ভূমির স্বল্পমূল্য

নিচের কোনটি সঠিক?

● ক i ও ii　　খ i ও iii
গ ii ও iii　　ঘ i ii ও iii

**উদ্দীপকটি পড়ো এবং প্রশ্নের উত্তর দাও**

নাটোরের লালপুরে বৃষ্টিপাত খুব কম হয়। সেটি বিবেচনায় নিয়ে মি. খান সেখানে একটি ইটভাটা স্থাপন করেন। কিন্তু পুঁজি স্বল্পতা এবং সঠিক পরিচালনার অভাবে প্রতিষ্ঠানটি কাঙ্ক্ষিত উৎপাদন লক্ষ্যমাত্রা অর্জনে ব্যর্থ হয়।

১৪৯. উদ্দীপকে মি. খান ইটভাটা স্থাপনে উৎপাদনের কোন উপকরণটিকে গুরুত্ব দিয়েছেন?

● ক ভূমি　　খ শ্রম
গ মূলধন　　ঘ সংগঠন

১৫০. প্রতিষ্ঠানটির প্রত্যাশিত উৎপাদন লক্ষ্যমাত্রা অর্জনে করণীয় হলো-

i. সাংগঠনিক দক্ষতা বৃদ্ধি করা
ii. অতিরিক্ত শ্রমিক নিয়োগ দেওয়া
iii. পর্যাপ্ত মূলধন সরবরাহ করা

নিচের কোনটি সঠিক?

ক i ও ii　　● খ i ও iii
গ ii ও iii　　ঘ i ii ও iii

✨ **ধন্যবাদ!** ✨

কোন প্রশ্নের বানান বা উত্তর ভুল থাকলে রিপোর্ট করুন | *Thank you for reading!*

আরও দেখুন: sattacademy.com

⚠ Sattacademy -এর সকল কন্টেন্ট কপিরাইট আইন দ্বারা সুরক্ষিত। অনুমতি ব্যতিরেকে যেকোনো মাধ্যমে এর ব্যবহার আইনের লঙ্ঘন ও দন্ডনীয় অপরাধ

sattacademy.com | +880 1306 446390